২০

দৈনিক ইত্তেফাক

তারিখ 04 FEB 1994
পৃষ্ঠা ৩ কলাম ৩

# রাজশাহী বিভাগে ৩ বছরে স্কুলগামী শিশুর সংখ্যা ১১ ভাগ বৃদ্ধি

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা। রাজশাহী বিভাগের ১৬টি জেলায় বিগত তিন বছরে ৬ হইতে ১০ বছর বয়সী স্কুলগামী শিশুর সংখ্যা শতকরা প্রায় ১১ ভাগ বাড়িয়াছে। এই সময়ে স্কুল ত্যাগের হার কমিয়াছে এবং স্কুলে বালিকা শিশুর ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি পাইয়াছে। বিভাগীয় প্রাথমিক শিক্ষার ডেপুটি পরিচালকের অফিস সূত্রে বলা হয়, ১৯৯১ সালে স্কুল গমন বয়সী শিশুর সংখ্যা ছিল ৪১ লক্ষ ৯৭ হাজার ১০৯ জন। ইহার মধ্যে ৩০ লক্ষ ১৮ হাজার ২৪০ জন স্কুলে ভর্তি হয়। যাহা শতকরা ৭২ ভাগ। ১৯৯২ সালে স্কুল গমন উপযোগী শিশুর সংখ্যা ছিল ৪১ লক্ষ ৪৯ হাজার ৭২৭ জন। ইহার মধ্যে ৩০ লক্ষ ৬৮ হাজার ১৯৫ জন অর্থাৎ শতকরা ৭৩ ভাগ প্রাথমিক স্কুলে ভর্তি হয়।

অপরদিকে '৯৩ সালে স্কুল গমন উপযোগী ৪২ লক্ষ ১৯ হাজার ৮৮৩ জন শিশুর মধ্যে ৩৪ লক্ষ ৯২ হাজার ৫১০ জন স্কুলে ভর্তি হইয়াছে। যাহা মোট সংখ্যার শতকরা ৮৩ ভাগ। ইহা ১৯৯১ সালের তুলনায় শতকরা ১১ ভাগ বেশী। এদিকে '৯১ সালে ৬ হইতে ১০ বছর বয়সী স্কুলগামী শিশুদের মধ্যে ড্রপ আউটের হার শতকরা ১৩ ভাগ। '৯২ সালে শতকরা ১০ ভাগ এবং '৯৩-এর সেপ্টেম্বর

(৪র্থ পৃঃ দ্রঃ)

## রাজশাহী বিভাগে

(৩য় পৃঃ পর)

মাস পর্যন্ত শতকরা আট ভাগে নামিয়া আসে। তুলনামূলক হিসাবে দেখা যায়, ১৯৯১ হইতে চলতি বছর পর্যন্ত বালকদের চাইতে বালিকাদের মধ্যে স্কুলে ভর্তি ও উপস্থিতির হার শতকরা প্রায় দুই ভাগ বাড়িয়াছে।

কর্তৃপক্ষের মতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় শিশুদের অভিভাবক ও মাতা সমাবেশ এবং স্কুল পরিচালনা কমিটির নিয়মিত বৈঠকের মাধ্যমে মত বিনিময় এবং ছাত্র ব্রিগেড গঠন করার ফলে স্কুলগামী শিশুর সংখ্যা বৃদ্ধি পাইতেছে। উল্লেখ্য রাজশাহী বিভাগের ১২ হাজার ১৩৪টি সরকারী ও বেসরকারী স্কুলে দুই হইতে তিনজন মেধাবী ছাত্র সমবায়ে একজন শিক্ষকের তত্ত্বাবধানে এই ছাত্র ব্রিগেড গঠন করা হইয়াছে। দেশের পাঁচটি বিভাগের মধ্যে কেবল রাজশাহীতেই এই ব্রিগেড রহিয়াছে। ব্রিগেডের লোকেরা স্কুলে গমন উপযোগী শিশুদের স্কুলমুখী করার বিষয়ে উৎসাহ দিতেছে। প্রাথমিক স্কুলগুলির শিক্ষক, ভবন, আসবাব এবং অন্যান্য সমস্যার সমাধান হইলে প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়ন সহজতর ও সফল হইবে বলিয়া অভিজ্ঞ মহল মত প্রকাশ করেন।